রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, এপ্রিল ১৫, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
অধিশাখা-৬

## প্রজ্ঞাপন

তারিখ, ২৯ চৈত্র ১৪১৩/১২ এপ্রিল ২০০৭

**এস, আর, ও নং ৫২-আইন/২০০৬/শ্রকম/শা-৬/নিঃমঃনিঃ-২৮/২০০১।**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২নং আইন) এর ধারা ১৪০(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ঘোষণা করিতেছে যে, কৃষি ও গৃহকর্মে নিয়োজিত শ্রমিক ব্যতীত বাংলাদেশের সকল ব্যক্তিমালিকানাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহে নিয়োজিত প্রাপ্ত বয়স্ক অদক্ষ শ্রমিক এবং তরুণ শ্রমিকদের মজুরীর হার নির্ধারণের উদ্দেশ্যে উক্ত আইনের দ্বারা রহিতকৃত Minimum Wages Ordinance, 1961 (Ordinance No. XXXIX of 1961) এর section 3 এর অধীনে গঠিত নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক উক্ত Ordinance এর section 4 এর বিধান মোতাবেক সুপারিশকৃত এবং নিম্ন তফসিলে বর্ণিত মজুরীহার উক্তরূপ শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরীহার হইবে, যথা ঃ—

### তফসিল

১। কৃষি ও গৃহকর্মে নিয়োজিত শ্রমিক ব্যতীত বাংলাদেশের সকল ব্যক্তিমালিকানাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহে নিযুক্ত প্রাপ্ত বয়স্ক অদক্ষ শ্রমিক এবং তরুণ শ্রমিকদের মাসিক নিম্নতম মজুরী ১৫০০ (এক হাজার পাঁচশত) টাকা হইবে এবং কার্যকাল দেশের প্রচলিত শ্রম আইন দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

২। ১নং ক্রমিকে বর্ণিত মাসিক নিম্নতম মজুরীর মধ্যে মূল মজুরী, বাড়ী ভাড়া এবং চিকিৎসা ভাতা অন্তর্ভুক্ত রহিয়াছে মর্মে গণ্য হইবে।

৩। ১নং ক্রমিকে বর্ণিত মাসিক নিম্নতম মজুরী (মূল মজুরী, বাড়ী ভাড়া এবং চিকিৎসা ভাতা) ছাড়া শ্রমিকগণ অন্যান্য যে সকল সুযোগ-সুবিধা পাইয়া থাকেন তাহা বলবৎ থাকিবে।


মূল্য ঃ টাকা ২.০০

৪। মালিকগণ শ্রমিকদের মজুরী নির্ধারণ করিয়া রেজিস্টারভুক্ত করিবেন এবং মুজরী স্লিপ প্রদান করিবেন।

৫। সরকার কর্তৃক যে সকল ব্যক্তিমালিকানাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহের শ্রমিকদের জন্য পৃথক পৃথক নিম্নতম মজুরী কাঠামো ঘোষণা করা হইয়াছে বা হইবে, সে সকল শিল্প প্রতিষ্ঠানসমূহে কর্মরত শ্রমিকদের জন্য ১নং ক্রমিকে বর্ণিত নিম্নতম মজুরী প্রযোজ্য হইবে না; তবে সরকার কর্তৃক যে সকল ব্যক্তিমালিকানাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহের শ্রমিকদের জন্য পৃথক পৃথক নিম্নতম মজুরী কাঠামো ঘোষণা করা হইয়াছে বা হইবে, সে সকল শিল্প প্রতিষ্ঠানসমূহে কর্মরত শ্রমিকদের জন্য নির্ধারিত নিম্নতম মজুরী কাঠামো যদি ১নং ক্রমিকে বর্ণিত নিম্নতম মজুরী অপেক্ষা কম হয়, তাহা হইলে সে সকল ব্যক্তিমালিকানাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহে কর্মরত প্রাপ্ত বয়স্ক অদক্ষ শ্রমিক এবং তরুণ শ্রমিকদের জন্য ১নং ক্রমিকে বর্ণিত মাসিক নিম্নতম মজুরী প্রযোজ্য হইবে।

৬। যদি কোন শিল্প প্রতিষ্ঠানে কোন শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকেন তবে সে শ্রমিকও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২নং আইন) এর ধারা ২(৬৫) এর বিধান অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবে এবং উক্ত নিয়োগকারী ঠিকাদার শিল্প প্রতিষ্ঠানের মালিকের ন্যায় একই ব্যবস্থা গ্রহণ করিবেন।

৭। ১নং ক্রমিকে বর্ণিত মাসিক মজুরী নিম্নতম মজুরী হিসেবে গণ্য হইবে এবং প্রদেয় মজুরী উক্ত মজুরী হইতে কম হইবে না ; তবে উক্ত মজুরী অপেক্ষা যদি অধিকহারে মজুরী প্রদত্ত হইয়া থাকে তাহা হইলে উক্ত মজুরী হ্রাস করা যাইবে না এবং নিয়োগকারী/মালিক পক্ষ ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগে বা এককভাবে বা যৌথ চুক্তি অনুযায়ী কোন শ্রমিক অথবা শ্রমিকদের অধিকহারে মজুরী প্রদান করিতে পারিবে।

৮। যদি কোন শিল্প প্রতিষ্ঠানের মালিক শ্রমিকদেরকে ফুরনভিত্তিক (Piece rate) মজুরী দিয়া থাকেন, তবে তাঁহাকে এই সুপারিশ মোতাবেক তাঁহাদের মজুরীর হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাঁহারা ১নং ক্রমিকে বর্ণিত মাসিক নিম্নতম মজুরী অপেক্ষা কম না পান।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সুশান্ত কুমার সাহা**
উপ-সচিব।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।